মেহেরপুরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী অভিযানে ২৫০ গ্রাম গাঁজা সহ রকিবুল নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

আজ বুধবার (৫ জুন) বিকেলের মেহেরপুর শহরের ওয়াপদা পাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক রকিবুল ওয়াপদা পাড়ার হবির ছেলে।

জানা গেছে, গোপন সূত্রে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল শহরের ওয়াবদা সড়কে রকিবুলের বাড়ি তল্লাশি করেন। এ সময় পলিথিনে মোড়ানো ২৫০ গ্রাম গাঁজা উদ্ধার করে। এবং রকিবুলকে আটক করেন।

এ ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে রকিবুলের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।

গাংনীতে ১১৫ বোতল ফেনসিডিল ও গাঁজাসহ ৫ মাদক ব্যবসায়ী আটক

গাংনী থানা পুলিশের পৃথক চারটি অভিযানে ১১৫ বোতল ভারতীয় ফেনসিডিল, ৪ শ গ্রাম গাঁজাসহ ৫ মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার করমদি গ্রামের ছাদের আলীর ছেলে স্বপন আলি (৩৮), আয়ূব আলীর ছেলে লিটন (৪০), পলাশীপাড়া গ্রামের মৃত সুজা উদ্দিনের ছেলে টোফেন ওরফে খালিদ মাহমুদ (৩০),আলমডাঙ্গা উপজেলার নগরবোয়ালিয়া গ্রামের নজরুল ইসলামের ছেলে মামুনর রশিদ (৩০), ও গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের আলতাপ হোসেনের ছেলে মো: সজল (২৭)।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতভর আজ শুক্রবার (১৯ এপ্রিল) ভোর পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন স্থানে গাংনী থানা ও ক্যাম্পের পুলিশ পৃথক চারটি অভিযান চালিয়ে তাদের আটক করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম শুক্রবার বেলা ১২ টার সময় নিজ কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এই তথ্য জানান।

তিনি বলেন, করমদি গ্রামের স্বপন আলি ও লিটনকে ১০৫ বোতল ভারতীয় ফেনসিডিলসহ আটক করা হয়েছে। এব্যাপারে মাদকদ্রব্যর নিয়ন্ত্রণ আইন ২০১৮ সালের ৩৬(১) সারণীর ১৪(গ) ধারায় গাংনী থানায় মামলা রুজ্জু করা হয়েছে, মামলা নং ২৬, পলাশীপাড়া গ্রামের টোফেন ওরফে খালিদ মাহমুদকে ১০ বোতল ফেনসিডিল ও একটি মোটরসাইকেলসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে ধারা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর সারণীর ১৪(খ) ধারায় মামলা নং ২৩, আলমডাঙ্গা উপজেলার নগরবোয়ালিয়া গ্রামের মামুনর রশিদকে ২০০ গ্রাম গাঁজাসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণীর ১৯(ক), ধারায় দায়ের করা মামলা নং ২৪, গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মো: সজলকে ২০০ গ্রাম গাঁজাসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ সালের ৩৬(১) এর সারণীর ১৯(ক) ধারায় দায়ের করা মামলা নং ২৪, ১৯/০৪/২৪।

আটককৃতদের আজ শুক্রবার (১৯ এপ্রিল) বেলা ১২ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দর্শনায় গাঁজাসহ ইজিবাইক চালক জনি গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে গাঁজাসহ মাদক ব্যবসায়ী ইজিবাইক চালক জনি আক্তারকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গতকাল রোববার দিবাগত রাত সোয়া ১১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই তারেক হাসান

সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন রাঙ্গিয়ারপোতা গ্রামের নতুনপাড়ায়। এসময় গ্রামের নতুনপাড়ার জনৈক মোসলেম উদ্দীনের বাড়ির সামনে রাঙ্গিয়ারপোতা- সিংনগরগামী পাঁকা রাস্তার উপর হতে সিংনগরগামী একটি ইজিবাইকের গতিরোধ করে তাতে তল্লাসী চালিয়ে চালকের হেফাজত হতে ৬ কেজি গাঁজা উদ্ধার করা সহ চালক জনি আক্তারকে (২৪) গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামের পুরাতনপাড়ার আব্দুল কুদ্দুসের ছেলে।

সেই সাথে গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীর নিকট হতে মাদক বহনকাজে ব্যবহৃত একটি নীল রংয়ের পুরাতন তিন চাকা বিশিষ্ট ১ লক্ষ ৫০ হাজার টাকা মূল্যের একটি ইজিবাইক উদ্ধার পূর্বক জব্দ তালিকা মোতাবেক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

ঝিনাইদহে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহ সদর উপজেলার হাটগোপালপুর এলাকা থেকে ১২ কেজি গাঁজাসহ আল আমিন (৪৩) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

আজ মঙ্গলবার (৫ মার্চ) ভোররাতে তাকে আটক করা হয়। আটককৃত আল আমিন খাগড়াছড়ি সদর উপজেলার মুসলিমপাড়া গ্রামের মৃত আব্দুল মতিনের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, ভোরে হাটগোপালপুর এলাকার ছয়াইল রোডে মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালায় হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা। সেসময় অন্যরা পালিয়ে গেলেও ঘটনাস্থল থেকে আটক করা হয় খাগড়াছড়ির

মুসিলমপাড়া গ্রামের আল আমিনকে। পরে তার কাছ থেকে উদ্ধার করা হয় ১২ কেজি গাঁজা। এ ঘটনায় সদর থানায় একটি মামলা হয়েছে।

মেহেরপুরে ফেনসিডিল ও গাঁজাসহ মাদক কারবারী গ্রেফতার

৯৩ বোতল ভারতীয় ফেনসিডিল ও প্রায় ৩ কেজি গাঁজাসহ এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী জামাল উদ্দিন(৪৭) কে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটলিয়ন (র্যাব-১২) সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প। গ্রেফতারকৃত জামাল উদ্দিন গাংনী উপজেলার মাইলমারী গ্রামের মাহাতাব আলীর ছেলে।

র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামানের নেতৃত্বে একটি টিম শনিবার (২৪ ফেব্রুয়ারি) ভোররাতের দিকে হিজলবাড়িয়া গ্রামের একটি ইটভাটার সামনে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিল ও গাঁজাসহ গ্রেফতার করেন।

শনিবার বেলা ১২ টার সময় র্যাব-১২, সিপিসি মেহেরপুর ক্যাম্পে সাংবাদিকদের সাথে প্রেসব্রীফ করে এই তথ্য জানান কমান্ডার মনিরুজ্জামান।

এসময় পিও মাহাতাব উদ্দিন, সার্জেন্ট মোহাম্মদ উল্লাহ, সিনিয়র ওয়ারেন্ট অফিসার হুমায়ূন কবীর, নায়েক শামীম আহমেদ উপস্থিত ছিলেন। র্যাব-১২ সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার মনিরুজ্জামান বলেন, মাদকের একটি চালান পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়।

অভিযানে জামাল উদ্দিন গ্রেফতার হলেও অন্য দুইজন আসামি মাইলমারী গ্রামের বিলপাড়া এলাকার আব্দুস সালাম মন্ডলের ছেলে মহিবুল ইসলাম
(৩৬) ও হিজলবাড়িয়া উত্তরপাড়া এলাকার ফরিদ উদ্দিনের ছেলে জাহাঙ্গীর আলম পালিয়ে যায়।

এঘটনায় র্যাবের পক্ষ থেকে গাংনী থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য

নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১৯(ক)/১৪(গ)৪১ ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলার নং ২৮, তারিখ ২৪/০২/২৪ ইং।

গ্রেফতারকৃত জামালের বিরুদ্ধে এর আগেও মাদক আইনে দুটি মামলা আদালতে বিচারাধীন রয়েছে। এছাড়া পলাতক আসামি মহিবুল ইসলাম ও জাহাঙ্গীর আলমের বিরুদ্ধেও একাধিক মামলা রয়েছে বলে জানা গেছে।

চুয়াডাঙ্গায় গাঁজাসহ চাষী আটক

চুয়াডাঙ্গা সদর উপজেলার বড়শলুয়া গ্রামে চিত্রা নদীর পাড় সংলগ্ন নিজ জমিতে অন্যন্য ফসলের সাথে দুইটি গাঁজা গাছসহ হাবিবুর রহমান ওরফে হাবুলকে (২৮) আটক করেছে দর্শনা থানা পুলিশ। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বড়শলুয়া গ্রামের নজির ফকিরের ছেলে।

জানা যায়, শনিবার ৩ ফেব্রুয়ারি বিকাল সাড়ে ৩ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় বড়শলুয়া চিত্রা নদীর ধারে হাবুলের নিজ জমিতে।

এ সময় দর্শনা থানার এস আই তারেক হাসান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে তরতাজা অবৈধ মাদকদ্রব্য দুইটি গাঁজা গাছ উদ্ধার করে। সেই সাথে হাবিবুর রহমান হাবুল কে গ্রেফতার করে।গাঁজা গাছ দুইটির আনুমানিক বাজার মৃল্য ৪৪ হাজার টাকা। আগামীকাল তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করা হবে।

গাংনীতে সাড়ে তিন কেজি গাঁজা

সহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি দক্ষিণপাড়া গ্রাম থেকে মো: সাহিদুল ইসলাম(৪১) নামের এক মাদক ব্যবসায়ীকে সাড়ে তিন কেজি গাজা সহ আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। আটককৃত মো: সাহিদুল ইসালাম গাংনী উপজেলার সাহারবাটি দক্ষিনপাড়া গ্রামের আব্দুল খালেকের ছেলে।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সুত্রে জানা গেছে,গোপন সংবাদের ভিত্তিতে সোমবার (২০ নভেম্বর) সকাল পৌনে আটটায় অধিদপ্তরের সহকারী উপ-পরিদর্শক রফিকুজ্জামান ও রুহল আমিনের নেতৃত্বে ৮ সদস্যের একটি টহল দল গাংনী থানাধীন সাহারবাটি দক্ষিণপাড়া গ্রামে আসামী সাহিদুল ইসলামের নিজ বাসভবনে তল্লাশি করে খাটের মাঝে বিশেষ ভাবে তৈরীকৃত বক্সের মধ্যে একটি প্লাস্টিকের বস্তার মধ্যে স্কসটেপ দিয়ে প্যাঁচানো ৪ টি পলিথিন প্যাকেটের মধ্যে সাড়ে তিন কেজি গাঁজা উদ্ধার ও জব্দ করে এবং আসামীকে গ্রেফতার করে। উদ্ধারকৃত গাজার আনুমানিক মূলা এক লক্ষ চল্লিশ হাজার টাকা।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মো: আবুল হাশেম বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে একটি টহল দল সাক্ষিদের উপস্থিতিতে মেহেরপুর জেলার গাংনী থানাধীন সাহারবাটি দক্ষিণপাড়া গ্রামে গ্রেফতারকৃত আসামী মো: সাহিদুল ইসলামের বাড়িতে তল্লাশি করে বিক্রয়ের উদ্দেশ্যে রাখা সাড়ে তিন কেজি গাজা উদ্ধার ও জব্দ করে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীকে গাংনী থানায় সোপর্দ করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের দুইটি ধারায় মামলা দায়ের করা হয়েছে। মামলাটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একজন কর্মকর্তা তদন্ত করবেন। ‘

গাজায় নিহত ১১ হাজার

ছাড়িয়েছে, ১০ মিনিটে প্রাণ হারাচ্ছে ১ শিশু

গাজায় নিহত ১১ হাজার ছাড়িয়েছে, ১০ মিনিটে প্রাণ হারাচ্ছে ১ শিশুফিলিস্তিনের অবরুদ্ধ গাজায় দখলদার ইসরাইলের হামলায় নিহতের সংখ্যা ১১ হাজার ছাড়িয়েছে। নিহতদের প্রায় সবাই শিশু, নারী ও বেসামরিক নাগরিক। গাজায় প্রতি ১০ মিনিটে একজন শিশুর মৃত্যু হচ্ছে বলে জানিয়েছেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাপরিচালক টেড্রোস আধানম গেব্রিয়াসুস।

শুক্রবার গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, ইসরাইলি হামলায় শহরে নিহত হয়েছেন কমপক্ষে ১১ হাজার ৭৮ জন। এর মধ্যে ৪ হাজার ৫০৬ জন শিশু। গাজায় নিহত নারীর সংখ্যা ৩ হাজার ২৭ জন। খবর আনাদোলু এজেন্সির।

ইসরাইলি বাহিনীর ভয়াবহ বিমান হামলায় গাজা সিটির আল-বুরাক স্কুলে অন্তত ৫০ জন নিহত হয়েছেন। শুক্রবার (১০ নভেম্বর) এ হামলার ঘটনা ঘটে। গাজার বৃহৎ চিকিৎসাকেন্দ্র আল-শিফা হাসপাতালের পরিচালক জানিয়েছেন, হামলার পর হাসপাতালে এসব মরদেহ নিয়ে আসা হয়।

গাজায় আঘাতপ্রাপ্ত অসংখ্য ব্যক্তি এবং গর্ভবতী নারীদের সন্তান প্রসবের ক্ষেত্রে চিকিৎসকরা কোনো রকম চেতনানাশক ছাড়াই অস্ত্রোপচার করছেন।

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজায় জ্বালানি সংকটে বন্ধ হয়ে গেছে সেখানকার অন্যতম আল শিফা হাসপাতাল। গত ৪৮ ঘণ্টায় বন্ধ হয়ে গেছে আরও ৩টি হাসপাতাল। এ ছাড়া আল কুদস হাসপাতালের আইসিইউতে হামলা চালিয়েছে ইসরাইল। গাজার স্বাস্থ্যব্যবস্থা ভয়াবহ আকার নিয়েছে বলে জাতিসংঘের নিরাপত্তা পরিষদকে সতর্ক করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) প্রধান টেড্রোস আধানম গেব্রিয়াসুস।

গাজার সবচেয়ে বড় হাসপাতালগুলোর একটি ইন্দোনেশিয়ান হাসপাতালও বিদ্যুৎ সংকটে বন্ধ হয়ে গেছে। গাজার আরেকটি হাসপাতাল আল কুদসের আইসিইউ লক্ষ্য করে গুলি চালানো হয়েছে। রোগীতে পরিপূর্ণ থাকা আল শিফা হাসপাতালও জ্বালানি সংকটে বন্ধ হয়ে গেছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান শুক্রবার বলেছেন, গাজার অর্ধেক

হাসপাতালই অকার্যকর হয়ে পড়েছে। ফিলিস্তিনি উপত্যকার স্বাস্থ্যব্যবস্থা চূড়ান্ত সীমায় রয়েছে। ইসরাইল-ফিলিস্তিন সংঘাত নিয়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অধিবেশনে তিনি বলেন, গাজার ৩৬টি হাসপাতাল এবং এর দুই-তৃতীয়াংশ প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্রের অর্ধেকই কাজ করছে না। যেগুলো কাজ করছে তারা তাদের সামর্থ্যের বাইরে কাজ করছে।

তিনি বলেন, গাজার স্বাস্থ্যব্যবস্থা চূড়ান্ত সীমায় রয়েছে। তবু কোনো না কোনোভাবে জীবন রক্ষার জন্য লড়াই অব্যাহত রয়েছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান বলেন, সেখানকার স্বাস্থ্যকর্মীদের এখন ওষুধ, চিকিৎসা সরঞ্জাম ও জ্বালানির প্রচণ্ড প্রয়োজন। সেখানে প্রতি ১০ মিনিটে একটি শিশুর মৃত্যু হচ্ছে। প্রায় ১৫ লাখ মানুষ বাস্তুচ্যুত হয়েছে। তবে সেখানে কোথাও এবং কেউ নিরাপদ নয়।

ডব্লিউএইচও প্রধানের মতে, ৪৮ ঘণ্টার মধ্যে চারটি হাসপাতালের কার্যক্রম বন্ধ হয়ে গেছে জ্বালানির অভাবে। হাসপাতালগুলোতে আনুষ্ঠানিকভাবে ৪৩০ শয্যা ছিল। তবে এর চেয়েও অনেক বেশি রোগীকে চিকিৎসা দেওয়া হচ্ছিল। ইসরাইলের হামলায় গাজায় এখন পর্যন্ত শতাধিক জাতিসংঘের কর্মী নিহত হয়েছেন।

গত ৭ অক্টোবর ইসরাইলে প্রবেশ করে এক আকস্মিক হামলা চালান হামাসযোদ্ধারা। এতে এক হাজার ৪০০ জন নিহত হন। এ ছাড়া আরও দুই শতাধিক ব্যক্তিকে জিম্মি করে গাজায় নিয়ে গেছে হামাস। এ ঘটনার পর থেকেই গাজার ওপর হামলা চালাচ্ছে ইসরাইলি বাহিনী।

সম্প্রতি জাতিসংঘ বলেছে যে, গাজা শিশুদের কবরস্থান হয়ে উঠছে। এটি একটি যুদ্ধবিরতির দাবিকে বাড়িয়ে তুলছে। এর আগে জাতিসংঘের সংস্থার প্রধানরা গাজায় যুদ্ধবিরতির জন্য বিরল যৌথ আবেদন করেছেন। জাতিসংঘের ১৮টি সংস্থার নেতারা ইসরাইল-হামাস যুদ্ধে অবিলম্বে যুদ্ধবিরতির আহ্বান জানিয়েছেন। সেখানে ইসরাইলের ভয়াবহ হামলায় মৃতের সংখ্যায় হতবাক হয়েছেন তারা। এ নিয়ে শঙ্কা প্রকাশ করেছেন সংস্থাগুলোর প্রধানরা।

সূত্র যুগান্তর

দর্শনায় গাঁজাসহ গ্রেফতার-২

দর্শনার হিজলগাড়ী ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে গাঁজাসহ তুহিন হোসেন ও রাজু আহম্মেদকে গ্রেফতার করেছে।

শুক্রবার দুপুর ১টার দিকে দর্শনা-হিজলগাড়ী সড়কের জোবালনুর মসজিদের সামনে হিজলগাড়ী ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান চালায়। এসময় পুলিশ একটি মাটরসাইকেলের গতিরোধ করে আরহীদের দেহতল্লাশী করে ৫শ গ্রাম গাঁজা পেয়ে,নেহালপুর ইউনিয়নের কষ্ণপুর স্কুল পাড়ার শফিকুল ইসলামের ছেলে তুহিন হোসেন (৩০) ও কোটালী গ্রামের আব্দুল মমিনের ছেলে রাজু আহম্মদকে (৩৫) গ্রেফতার করে। দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা জানান, গোপন সংবাদের ভিত্তীতে হিজলগাড়ী ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই শেখ রকিবুল ইসলাম এবং সঙ্গীয় ফোর্স নিয়ে শুক্রবার দুপুরে অভিযান চালিয়ে তুহিন ও রাজুকে ৫শ গ্রাম গাঁজাসহ গ্রেফতার করা হয়। এসময় তাদের ব্যবহৃত মোটরসাইকলটি জব্দ করা হয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে র্যাবের অভিযানে

সোয়া ৭ কেজি গাঁজাসহ এক ব্যক্তি আটক

সোয়া ৭ কেজি গাঁজাসহ মোঃ মারফত মন্ডল(৪০) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) একটি টিম।

আটক মো: মারফত মন্ডল গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের মাঠপাড়া এলাকার মৃত এমাজ উদ্দীনের ছেলে।
র্যাব-১২, সিপিসি-মেহেরপুর ক্যাম্পের কমান্ডার, সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুক এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ রবিবার (২৫ জুন) সকাল ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে সিপিসি-মেহেরপুর, ক্যাম্পের একটি দল গাংনী পৌরসভার ০৬ নং ওয়ার্ড ঈদগাহপাড়া কাঁচাবাজার সংলগ্ন স্থানে অভিযান চালিয়ে গাঁজাসহ তাকে আটক করেন। এ সময় তার কাছ থেকে মাদক-ক্রয় বিক্রির কাজে ব্যবহৃত ১টি ব্যাটারী চালিত ভ্যান, চপ২’.১টি মোবাইল ফোন এবং নগদ এক হাজার ছয়’শ টাকা জব্দ করা হয়েছে।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আসামিকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।